# 10394 - জনৈক নারী যিনি মুখমণ্ডল ও চুল খোলা রাখেন তিনি রোজা রাখতে চান

## প্রশ্ন

প্রশ্ন: আমি অনিয়মিতভাবে রোজা রাখি। আমি জানতে চাই, যদি আমি পূর্ণাঙ্গ হিজাব না পরি আমার রোজা কি সহিহ হবে? আমি যখন চাকুরীতে যাই তখন আমার চুল, গর্দান ও হাতদ্বয় খোলা থাকে; এছাড়া অন্যান্য অঙ্গ ঢেকে রাখি।

## প্রিয় উত্তর

বেগানা পুরুষের সামনে পরিপূর্ণ হিজাব পরিধান করার জন্য আমরা আপনাকে উপদেশ দিচ্ছি; যাতে আপনার সিয়াম কবুল হয় এবং প্রতিদান কয়েকগুণ হয়। অনুরূপভাবে নামায ও অন্যান্য নেক আমল কবুল হয়। যদি কোন মুসলিম নারী রোজা রাখে; কিন্তু হিজাব না পরে এতে তার রোজা শুদ্ধ হবে। তবে হিজাব না পরার কারণে সে গুনাহগার হবে। অর্থাৎ বেপর্দার কারণে রোজা নষ্ট হবে না। তবে বেপর্দা নারী আল্লাহর নির্দেশ লঙ্ঘন করার কারণে আল্লাহর শাস্তির হুমকির অন্তর্ভুক্ত। ওহে আল্লাহর বান্দী, আমরা আপনাকে আল্লাহর নির্দেশ মেনে চলার পরামর্শ দিচ্ছি। “তারা যেন নিজেদের উপর জ্বিলবাব বা ঢিলেঢালা চাদর ঝুলিয়ে দেয়”।[সূরা আল-আহযাব, আয়াত: ৫৯] এবং আল্লাহ তাআলার বাণী “তারা যেন নিজেদের সৌন্দর্য প্রকাশ না করে”[সূরা আল-নূর, আয়াত: ৩১] এবং আল্লাহ তাআলার বাণী: “এবং তারা যেন নিজেদের আঁচল নিজেদের গ্রীবাদেশের উপর ফেলে দেয়...”[সূরা আল-নূর, আয়াত: ৩১]